

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪
www.frc.gov.bd

স্মারক নং- ১৭৭/এফআরসি/এপিআর/২০২৬/৫২৬

তারিখ: ১৪ মে ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিলম্ব ফিসহ নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন (২০২৬-২০২৭ অর্থবছর) আবেদন

এফআরসি'র স্মারক নং- ১৭৭/এফআরসি/এপিআর/২০২৬/৫০৬ এবং ৫০৭ তারিখ: ১৩ এপ্রিল ২০২৬ খ্রিঃ এর মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন (২০২৬-২০২৭ অর্থবছর) নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়কে এফআরসি এর নিকট তালিকাভুক্তির জন্য তালিকাভুক্তি পোর্টালে তাদের User ID এবং Password ব্যবহারপূর্বক 'Login' করে প্রযোজ্য ফি প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরম পূরণ ও প্রয়োজনীয় দলিলাদি সহকারে সম্পূর্ণ অনলাইনে আবেদন করার সর্বশেষ সময়সীমা ছিল অদ্য ১৪ মে ২০২৬ খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী উক্ত সময়ের মধ্যে যে সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি ও নবায়নের আবেদন করতে পারেনি, সে সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে **সংযুক্তি-১** এ উল্লেখিত হারে বিলম্ব ফিসহ অদ্য ১৪ মে ২০২৬ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকা হতে ০৭ জুন ২০২৬ খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে তালিকাভুক্তি ও নবায়ন আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তথ্যসমূহ:

- ১। আবেদন ফরমের সাথে বিলম্ব ফি পরিশোধ এবং সংশ্লিষ্ট দলিলাদি অনলাইনে সংযুক্ত করতে হবে;
- ২। সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে বিলম্ব ফিসহ আবেদন গ্রহণ শুরু হবে ১৪ মে ২০২৬ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকা এবং জমাদানের সর্বশেষ সময় ০৭ জুন ২০২৬ খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত;
- ৩। আবেদন ফরম, গাইডলাইন, আবেদনের সাথে দাখিলযোগ্য সংযুক্তি, দলিলাদি বা চেকলিস্ট, আবেদন ফি এর চার্ট ইত্যাদি এফআরসি'র ওয়েবসাইটে (www.frc.gov.bd) পাওয়া যাবে;
- ৪। তালিকাভুক্তি/নবায়ন আবেদনের ক্ষেত্রে আবেদন ফরম, কাঠামোগত তথ্য পরিবর্তনের জন্য ফরম-৭ (যদি প্রযোজ্য হয়) এবং হলফনামা হার্ড কপি হিসাবে জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে অন্য কোন ধরনের সংযুক্তি বা দলিলাদির হার্ড কপি জমা প্রদান করতে হবে না;
- ৫। অপরিপূর্ণ তথ্য ও দলিল দাখিল বা অসম্পূর্ণভাবে ফরম পূরণ করলে আবেদন বাতিল বলে গণ্য হবে;
- ৬। তালিকাভুক্তির বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, আবেদনের নির্ধারিত বিলম্ব ফি সম্পূর্ণ অনলাইনে পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়।

বিঃ দ্রঃ তালিকাভুক্তি/নবায়ন আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র আবেদন ফরম, কাঠামোগত তথ্য পরিবর্তনের জন্য ফরম-৭ (যদি প্রযোজ্য হয়) এবং হলফনামা হিসাবে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৬, ০১৮১০১৫৬৩৫২

Scan for Logging in to Enlistment Portal



সভাপতি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম
তালিকাভুক্তি বাছাই কমিটি

Late fees of Auditor & Audit Firm Enlistment and Renewal (F.Y. 2026-2027)

Sl. No.	Type of Applicant	Enlistment Fees including 15% VAT & Late Fee	Renewal Fees including 15% VAT & Late Fee
1	Auditor (for auditing financial statements and audit reports)	11,500	5,750
2	Auditor (for cost audit)	6,900	3,450
3	Sole Proprietorship firm	11,500	5,750
4	Partnership firm (up to 5 partners or auditors)	34,500	17,250
5	Partnership firm (more than 5 but up to 10 partners or auditors)	69,000	34,500
6	Partnership firm (more than 10 but up to 20 partners or auditors)	115,000	57,500
7	Branch of the firm (for each branch)	11,500	5,750
8	Information Change Fees	-	2,300




 14.05.2026